অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/30/2022 **গভর্নর ক্যাথি হোকল**

43North 2022 স্টার্টআপ প্রতিযোগিতার জন্য গভর্নর হোকলের 15 জন ফাইনালিস্ট ঘোষণা

ফাইনালিস্টরা বাফেলোতে মিলিত হবে, 1 মিলিয়ন ডলারের পাঁচটি বিনিয়োগের জন্য প্রতিদ্বন্দ্বিতা করবে

গভর্নর ক্যাথি হোকল আজ 43North এর বার্ষিক স্টার্টআপ প্রতিযোগিতার অষ্টম পর্বের জন্য 15 জন ফাইনালিস্টের নাম ঘোষণা করেছেন। ফাইনালিস্টরা অক্টোবরের শেষে 1 মিলিয়ন ডলার নিশ্চিত করার আশায় তাদের আইডিয়া তুলে ধরতে এবং দেশের দ্রুততম সমৃদ্ধশীল প্রযুক্তি কেন্দ্রের মধ্যে অন্যতম - বাফেলোতে, তাদের ব্যবসা বৃদ্ধির সুযোগ অর্জনের জন্য বাফেলোতে মিলিত হবে। ফাইনালিস্টদের বেশিরভাগই মার্কিন যুক্তরাষ্ট্রের, এর মধ্যে একজন যুক্তরাজ্য থেকে এসেছেন। তারা বিভিন্ন ধরনের শিল্প কভার করেন, যার মধ্যে রয়েছে স্বাস্থ্য প্রযুক্তি, আর্থিক পরিষেবা, ও নির্মল প্রযুক্তি, কিন্তু এগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়।

"2014 সালে চালু হওয়ার পর থেকে, 43North বাফেলোতে প্রযুক্তি ও উদ্ভাবনের একটি নতুন কেন্দ্রস্থল তৈরি করেছে," **বলেছেন গভর্নর হোকল**। "43North এর সাফল্য বিশ্বজুড়ে উদ্যোক্তাদের কাছে একটি বার্তা পাঠিয়েছে - নিউ ইয়র্ক স্টেট ভবিষ্যতের চাকরির আবাসস্থল। আমি এই বছরের 43North প্রতিযোগিতার 15 জন ফাইনালিস্টের নাম ঘোষণা করতে পেরে গর্বিত এবং বাফেলো নামের শক্তিশালী স্টার্টআপ কমিউনিটিতে তাদের স্বাগত জানানোর জন্য আগ্রহী।"

প্রতিযোগীদের সংখ্যা শীর্ষ 15টি কোম্পানির মধ্যে নামিয়ে আনার জন্য, 43North 2022 সালের জুলাই মাসে শুরু হওয়া একটি বিস্তারিত ডিলিজেন্স প্রক্রিয়া বাস্তবায়ন করেছে। এই প্রক্রিয়ার নেতৃত্বে ছিলেন কেভিন সিসকার, 43North এর পোর্টফোলিও অ্যান্ড সিলেকশনের ভাইস প্রেসিডেন্ট, যিনি 80 জনেরও বেশি বিচারকের সাথে শত শত আবেদন পর্যালোচনা করেছেন, প্রতিষ্ঠাতাদের সাথে দেখা করেছেন, এবং নির্বাচনের বিষয়ে সুপারিশ করেছেন।

এই প্রতিযোগিতা নিউ ইয়র্ক স্টেটের 37.04 মিলিয়ন ডলারের বাফেলো বিলিয়ন (Buffalo Billion) উদ্যোগের অংশ যা নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New York Power Authority) আর্থিক সহায়তায় পরিচালিত হয়। এই বছর, 1 মিলিয়ন ডলারের পাঁচটি পুরস্কারে স্থানান্তরিত হওয়ার

পাশাপাশি, 43North বাফেলোর নিজস্ব স্থানীয় ব্যান্ড ফ্যারো (Farrow) এর লাইভ সঙ্গীতসহ নতুন উৎপাদনের বিষয়গুলো সংক্রান্ত খবরও শেয়ার করেছে যা ফাইনাল অনুষ্ঠানে থাকবে।

গত সাত বছর ধরে, 43North 59টি কোম্পানির বৈচিত্র্যময়, শিল্পের অ্যাগনস্টিক পোর্টফোলিওতে বিনিয়োগ করেছে, যেগুলোতে 44% অশ্বেতাঙ্গ প্রতিষ্ঠাতা এবং 28% নারী প্রতিষ্ঠাতা রয়েছে। এবছরের শুরুর দিকে, 43North রিপোর্ট করেছে যে এর পোর্টফোলিও কোম্পানিগুলো সম্মিলিতভাবে ওয়েস্টার্ন নিউ ইয়র্কে 1,000 এরও বেশি কর্মসংস্থান তৈরি করেছে। 43North এর পোর্টফোলিওর 60% এরও বেশি বাফেলোতে কার্যকর উপস্থিতি বজায় রাখে।

43North এর ফাইনালে বিনামূল্যে অংশগ্রহণ করা যাবে, তবে নিবন্ধন করা আবশ্যক। আগে আসলে আগে পাবেন ভিত্তিতে আসন পাওয়া যাবে। 20 অক্টোবর সন্ধ্যা 6টা ET-তে শিয়া'স পারফর্মিং আর্টস সেন্টারে (Shea's Performing Arts Center) অনুষ্ঠিতব্য 43North ফাইনালের জন্য বিনামূল্যে টিকিট 43North.org থেকে রিজার্ভ করা যাবে।

43North এর প্রেসিডেন্ট কলিন ই. হেইডিঙ্গার বলেন, "আমরা আমাদের নির্বাচন প্রক্রিয়ার এই মাইলফলকে পৌঁছানোর জন্য রোমাঞ্চিত এবং বাফেলোতে তাদের পথ তৈরি করার সাথে সাথে এই 15টি কোম্পানিকে জানার সুযোগের জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি। বিচার প্রক্রিয়ার পরবর্তী পর্যায়গুলো গুরুত্বপূর্ণ এবং রোমাঞ্চকর পদক্ষেপ যা বছরের আটটি কোহর্ট নির্বাচন শুরু করার সাথে সাথে আমাদের কমিউনিটিকে পদক্ষেপ গ্রহণের সুযোগ দেয়।"

2022 43North এর ফাইনালিস্টরা হলো:

Agape Wellness (আগাপি ওয়েলনেস) - রচেস্টার, NY
Agapé হলো সম্পর্কের সুস্থতা সংক্রান্ত একটি কোম্পানি যা অর্থপূর্ণ কথোপকথন শুরু করতে স্বকীয় প্রশ্ন ব্যবহার করে। গ্রাহকের দিক থেকে, এর অ্যাপ দম্পতিদেরকে সুখী, আরো পরিপূর্ণ সম্পর্ক বজায় রাখতে সহায়তা করে। কর্মক্ষেত্রে, Agapé কর্মীদের সাথে অর্থপূর্ণ সংযোগ গড়ে তোলে যা সন্তুষ্টি বৃদ্ধি করে এবং প্রতিভা ধরে রাখে।

Aravenda (আরাভেন্ডা) - ভিয়েনা, VA
Aravenda খুচরা বিক্রয়ের দ্রুততম ক্রমবর্ধমান সেগমেন্টে প্রযুক্তি উদ্ভাবনের নেতৃত্ব দেয়; যেটি হলো রিসেল। Aravenda হলো বিশ্বের যেকোনো জায়গায় যেকোনো ধরনের রিসেলারের জন্য B2B SaaS।

CAHill TECH (সিএ-হিল টেক) - **বাফেলো, NY**
CAHill TECH হলো একটি SaaS প্রযুক্তি সংস্থা যা কারিগরি কর্মীদের জন্য চাকরির-প্রস্তুতি এবং CAHill এর ফ্ল্যাগশিপ পণ্য, AQuiRe এর মাধ্যমে এবং নিয়োগকারীদের জন্য রিপোর্টযোগ্য মেট্রিক্স সরবরাহ করে।

Delee (ডেলি) লারেডো, TX
Delee একটি অত্যাধুনিক প্রযুক্তি উদ্ভাবন করেছে যা রক্ত থেকে প্রবহমান টিউমার কোষ

অপসারণ ও বিশ্লেষণ করতে সক্ষম। তারা যা তৈরি করেছে সেটি প্রাথমিক পর্যায়ে ক্যান্সার শনাক্ত করতে অবদান রাখবে, চিকিৎসকদেরকে প্রত্যেক রোগীর থেরাপি স্বকীয় করার জন্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ করার পাশাপাশি এবং তাদের রোগের পুরো সময় জুড়ে এর কার্যকারিতা নিরীক্ষণ করবে।

MAGPIE (ম্যাগপাই) - নিউ ইয়র্ক, NY
MAGPIE একটি ভেঞ্চার-সমর্থিত, ফিনটেক প্ল্যাটফর্ম যা সংগ্রহযোগ্য অ্যাসেটের বিক্রেতাদের জন্য অ্যাসেট/মূল্য আবিষ্কার, ইনভেন্টরি ম্যানেজমেন্ট এবং লেনদেনের সময় ও অংশীদারদের উন্নত করতে AI প্রযুক্তি ব্যবহার করে। এই সহজ, ব্যবহারকারী-বান্ধব প্ল্যাটফর্ম অত্যন্ত অস্থিতিশীল, অনন্য অ্যাসেটের আয় বাড়ানো ও পরিচালনার খরচ কমানোর জন্য সুনির্দিষ্টভাবে তৈরি করা হয়েছে।

Lilu (লিলু) - নিউ ইয়র্ক, NY
Lilu নতুন মায়েদের জন্য মাতৃত্ব শুরু করাকে আরো আরামদায়ক ও চাপমুক্ত করার জন্য প্রযুক্তি-সমৃদ্ধ পণ্য তৈরি করে। এর প্রথম পণ্য, Lilu Massager (লিলু ম্যাসেজার), প্রথম স্বয়ংক্রিয় স্তন ম্যাসেজ পাম্পিং ব্রা যা মায়েদের কম সময়ে 30-55% বেশি দুধ পাম্প করতে সাহায্য করে, গ্রাহকরা একে "বুকের দুধ খাওয়ানোর পরিত্রাতা" হিসেবে অভিহিত করেন।"

M Aerospace (এম অ্যারোস্পেস) - অস্টিন, TX
M Aerospace একটি উন্নত সম্পূরক উৎপাদনকারী প্রযুক্তি কোম্পানি যা দ্রুত প্রোটোটাইপিং এবং বিভিন্ন ধরনের শিল্প উৎপাদন সক্ষমতা অফার করে। এটি ধাতব 3D মুদ্রণ প্রযুক্তি ও পরিষেবায় পারদর্শী এবং বিভিন্ন ধরনের ধাতব উপকরণ, উপাদান সংমিশ্রণ এবং বড় পার্টস মুদ্রণ করার সক্ষমতা প্রদান করে।

Mod Tech Labs (মড টেক ল্যাবস) - অস্টিন, TX
MOD এন্টারপ্রাইজ কোম্পানিগুলোকে ছবি ব্যবহারের মাধ্যমে বাস্তব বিশ্বকে ডিজিটাইজ করে বড় পরিসরে ইউনিভার্সাল 3D কন্টেন্ট তৈরি করতে সাহায্য করে। এই নো-কোড প্রসেসিং প্ল্যাটফর্ম স্বয়ংক্রিয় AI-চালিত টুলের মাধ্যমে বস্তু, স্থান ও মানুষের 3D ছবি পরিষ্কার, পরিমার্জন ও উন্নত করে। কোম্পানিগুলো একবার ক্যাপচার করে এবং যেকোনো ডিজিটাল মিডিয়া ব্যবহারের জন্য অপ্টিমাইজ করে।

Otrafy (অট্রাফি) - শিকাগো, IL
Otrafy একটি AI-চালিত SaaS সরবরাহকারী ব্যবস্থাপনা প্ল্যাটফর্ম যা কমপ্লায়েন্স স্বয়ংক্রিয়করণ এবং ঝুঁকি শনাক্ত করতে সক্ষম।

Phood (ফুড) - নিউ ইয়র্ক, NY
শিক্ষার্থীদের ফ্লেক্স ডলার অ্যাকাউন্ট ও গিগ অর্থনীতির মধ্যে সংযোগ তৈরি করতে Phood বিশ্ববিদ্যালয়ের কার্ড পরিষেবাগুলোর সাথে একীভূত হয়। Phood শিক্ষার্থীদের একটি ভার্চুয়াল ডেবিট কার্ড ইস্যু করে যা তৃতীয় পক্ষের বিক্রেতাদের কাছ থেকে পণ্য ও পরিষেবা কিনতে ব্যবহার করা যায়, যা ডিস্কভারের (Discover) সাথে অংশীদারিত্বের মাধ্যমে সম্ভব হয়েছে।

Seshie (সেশি) - পেন ভ্যালি, PA
Seshie কর্মীদের তথ্য ও অন্তর্দৃষ্টির উপর ভিত্তি করে টিমের জন্য লাইভ, ভার্চুয়াল আধুনিক কর্মশালা (seshies) বুক করা সহজ করে তোলে। ম্যানেজাররা সাইন-আপ করেন, টিমের সদস্যদের আমন্ত্রণ জানান, Seshie জরিপ পাঠান এবং তথ্য/অন্তর্দৃষ্টির উপর ভিত্তি করে বুক করার জন্য প্রস্তাবিত কর্মশালা (seshies) পান।

Tampon Tribe (ট্যাম্পন ট্রাইব) - লস আঞ্জেলেস, CA
Tampon Tribe পিরিয়ডের সময় ব্যবহারের জন্য জৈব, প্লাস্টিক-মুক্ত পণ্য তৈরি করেছে, যা পিরিয়ডের জন্য অর্গানিক পণ্যের একটি নতুন বিভাগ তৈরি করেছে। Tampon Tribe প্রজননক্ষম নারীদের জন্য টেকসই ও কার্যকরী পণ্য ডিজাইন করে। সফলতা এবং প্রবৃদ্ধি ও পরিবেশ সম্পর্কে প্রবল আগ্রহ দ্বারা চালিত হয়ে, Tampon Tribe একটি পুনরাবৃত্ত-রাজস্ব, প্রভাব-ভিত্তিক মডেল নিয়ে, দ্রুত বেড়ে উঠার অবস্থানে থেকে, অব্যাহতভাবে সমৃদ্ধি অর্জন করে যাচ্ছে।

AMPAworks (অ্যামপাওয়ার্কস) - স্যান্টা মনিকা, CA
AMPAworks হলো ডাক্তার, নার্স ও ইঞ্জিনিয়ারদের একটি দল যারা ফার্মেসি, মেডিকেল ডিভাইস কোম্পানি, সার্জারি সেন্টার, ক্লিনিক এবং হাসপাতালে সম্পূর্ণ ইনভেন্টরির দৃশ্যমানতার জন্য কম্পিউটার ভিশন A.I. ব্যবহার করে একটি IoT ক্যামেরা তৈরি করেছে। সিস্টেমটি চাহিদা সংক্রান্ত পরিকল্পনা এবং পুনরায় স্টকিংয়ের ক্ষেত্রে সহায়তা করার জন্য ইনভেন্টরির শেল্ফ-টু-শেল্ফ গ্র্যানুলারিটি সক্ষম করে।

Twipes (টোয়াইপস) - লন্ডন, যুক্তরাজ্য
Twipes একটি জৈব-প্রযুক্তি উপকরণ কোম্পানি যেটি এমন উপাদান তৈরি করেছে যা পানিতে তিন ঘণ্টার মধ্যে ভেঙে যেতে পারে এবং ল্যান্ডফিলে মাত্র সাত দিনের মধ্যে জৈব উপাদানে ভেঙে যেতে পারে। এর প্রথম পণ্য বিশ্বের প্রথম সত্যিই ফ্লাশযোগ্য, সত্যিই বায়োডিগ্রেডেবল ওয়েট ওয়াইপ হিসেবে পুরস্কৃত হয়েছে।

TYBR Health (TYBR হেলথ) - হিউস্টোন, TX
TYBR Health সার্জিকাল স্প্রে তৈরি করে যা অস্ত্রোপচারের পরে ফলাফল ভালো করার জন্য নিরাময়ের সময় টিস্যুকে রক্ষা করে। TYBR Health টেক্সাস মেডিকেল সেন্টার বায়োডিজাইন ফেলোশিপ থেকে গঠিত হয়েছিল। এক বছরের মধ্যে, দলটি একটি ক্লিনিকাল সমস্যা চিহ্নিত করে, সমাধান তৈরি করে এবং কোম্পানি শুরু করে।

43North সম্পর্কে
43North একটি অ্যাক্সিলারেটর কর্মসূচি যা বার্ষিক স্টার্টআপ প্রতিযোগিতার আয়োজন করে, বাফেলো, NY-তে উচ্চ-প্রবৃদ্ধির কোম্পানিগুলোকে আকৃষ্ট করতে ও উন্নয়নের জন্য প্রতি বছর 5 মিলিয়ন ডলার বিনিয়োগ করে। 43North তালিকাভূক্ত কোম্পানিগুলো এছাড়াও বাফেলোতে এক বছরের জন্য বিনামূল্যে অনুকূল পরিবেশে বিকাশ লাভ করার জায়গা, সংশ্লিষ্ট ক্ষেত্রে পরামর্শদাতাদের দিকনির্দেশনা, এবং START-UP NY এর মত ব্যবসায়িক অনুপ্রেরণামূলক

প্রোগ্রামে প্রবেশাধিকার পায়। 43North পরিচালিত হয় গভর্নর ক্যাথি হোকল, এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট, রালফ সি. উইলসন জুনিয়র ফাউন্ডেশন এবং আরো বেশ কিছু পৃষ্ঠপোষকের সমর্থনে। 43North সম্পর্কে আরো তথ্যের জন্য, www.43north.org ওয়েবসাইট ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418